

Maximum Marks : 80

Time Allotted : Three Hours

Reading Time : Additional Fifteen minutes

Instructions to Candidates

1. You are allowed an **additional fifteen minutes** for **only** reading the question paper.
2. You must **NOT** start writing during reading time.
3. This question paper has **11 printed pages and one blank page**.
4. It is divided into **two sections : Section A and Section B**.
5. It has **fifteen questions** in all.
6. **Section A** has **three questions**. All questions are **compulsory**.
7. While attempting **Multiple Choice Questions** in **Section A**, you are required to **write only ONE option as the answer**.
8. **Section B** has **twelve questions**. You are required to attempt **any four** questions in this section on **any three** out of the four prescribed textbooks.
9. The intended marks for questions are given in brackets [].

Instruction to Supervising Examiner

1. Kindly read **aloud** the Instructions given above to all the candidates present in the examination hall.

SECTION - A
LANGUAGE - 40 MARKS

Question 1

[15]

Write a composition in approximately 400 words in Bengali on any one of the topics given below.

নিম্নলিখিত যে কোন একটি বিষয়ের উপর প্রায় ৪০০ (চারশো) শব্দে একটি রচনা লেখ।

- (i) তোমার স্কুল জীবনের শেষ দিনে পাওয়া কোনো অপ্রত্যাশিত (আনএক্সপেক্টেড) উপহার যা তোমার চিন্তাভাবনাকে সম্পূর্ণ বদলে দিয়েছে।
- (ii) মনে কর এই মুহূর্তে ভূতের রাজা তোমাকে তিনটি বর দিতে চান - তুমি কী কী বর চাইবে ?
- (iii) আমাদের জীবনে মানসিক স্বাস্থ্যের (মেন্টাল হেলথ) গুরুত্ব ও তার প্রাসঙ্গিকতা।
- (iv) 'প্লাস্টিকের ব্যবহার অবিলম্বে বন্ধ করা উচিত' - এর পক্ষে বা বিপক্ষে তোমার মতামত দাও।
- (v) 'এ.আই. (কৃত্রিম বুদ্ধিমত্তা) মানুষের ব্যক্তিগত জীবনে হস্তক্ষেপ করে' - আলোচনা কর।
- (vi) নিম্নলিখিত যে কোন একটি বিষয়ের উপর মৌলিক গল্প লেখ —
 - (a) এমন একটি মৌলিক গল্প লেখ যা শুরু হবে - 'সেই শীতের রাতে...'
 - (b) অধ্যবসায় বা উদ্যম

Question 2

Read the passage given below carefully and answer in Bengali the questions that follow, using your own words.

নিম্নলিখিত রচনাংশটি ভালো করে পড়ে বাংলা ভাষায় প্রশ্নগুলির উত্তর দাও, উত্তরগুলি নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

শহরে কিংবা গ্রামে পালকি বস্তুটা আর ব্যবহৃত হয় না। পালকি আমাদের জীবন থেকে একেবারেই লুপ্ত হয়ে গিয়েছে। একসময় এই পালকিই ছিল কলকাতার প্রধান যানবাহন। অষ্টাদশ শতাব্দীতে ভারতে তখন ব্রিটিশ আমল। সেই সময় কলকাতা ছিল একেবারে গ্রামের মতো। চারিদিকে ঝোপঝাড়, মাটির রাস্তা। তখনও মোটরগাড়ির প্রচলন হয়নি। ব্রিটিশের বড়ো সাহেবেরা চড়তেন ঘোড়ার গাড়ি আর ছোট সাহেবেরা পালকিতে। তবে গুটিকয়েক বাঙালির অবশ্য ঘোড়ার গাড়ি ছিল, বাকি সবার বাহন ছিল ওই পালকি। ডেভিড হেয়ার সাহেব পালকি করেই তাঁর প্রতিটি ইস্কুলের পরিদর্শনে যেতেন।

নিজস্ব পালকি পোষা বেশ খরচের ব্যাপার ছিল। একটা প্রমাণ সাইজের রঙিন পালকির দাম ছিল দুই হাজার টাকা, সঙ্গে চার বা ছয়জন বাহকের মজুরি। পালকি বাহকদের বলা হত বেহারা। তারা অধিকাংশই ছিল উৎকলবাসী। যাঁদের নিজের পালকি ছিল না, তারা যাতায়াতের জন্য ব্যবহার করতেন ভাড়া করা বা ঠিকা পালকি। কলকাতার মেঠো পথ দিয়ে বেহারারা পালকির ডাঙা কাঁধে নিয়ে ছমনা ছমনা রব তুলে মাইলের পর মাইল ধীর গতিতে দৌড়ে দৌড়ে চলে যেত। দূরের পথ হলে কোনও গাছের ছায়ায় দু'দুটো দাঁড়িয়ে গামছা দিয়ে ঘাম মুছে, পান মুখে দিয়ে আবার দৌড়।

এ ভাবেই বেশ চলছিল পালকি কলকাতা শহরের বুকে। কিন্তু হঠাৎ ঘটলো ছন্দপতন। ইংরেজ পুলিশ নোটিশ জারি করল, সব পালকি রেজিস্ট্রি করতে হবে আর বেহারাদের হাতে নম্বর লেখা পেতলের চাকতি বাঁধতে হবে, অনেকটা রেলের কুলিদের মতো। এই ফরমান শুনে বেহারারা চোটে লাল।

তারা বলল, 'বান্ধবুনি (বাঁধবো না) চাকতি, শেষে পেটের দায়ে জাত খোয়াব নাকি।' পালকি বাহকরা সব একজোট হয়ে স্লোগান দিতে দিতে লালবাজারে পুলিশ সদর দপ্তরের সামনে এসে বিক্ষোভ জানাল, এই ফরমান ফিরিয়ে নিতে হবে, না হলে পরদিন থেকে সব পালকি চলাচল বন্ধ! ব্রিটিশ পুলিশ সেই কথায় কর্ণপাত করল না, ফলে পরের দিন থেকে সমস্ত পালকি চলাচল বন্ধ হয়ে গেল। আমরা বলতে পারি, এটাই ছিল কলকাতা তথা ভারতের প্রথম যানবাহনের ধর্মঘট।

বেশ অনেকদিন ধরেই চলল এই ধর্মঘট। কাগজে অনেক লেখালেখি হল কিন্তু ফল হল না। অফিস-কাছারির কাজ সব শিকেয় উঠল। জনজীবন প্রায় শুদ্ধ, ক'জনের আর ঘোড়ার গাড়ি আছে? আর তাছাড়া কতদিন ঘরে বসে থাকা যায়। তাই ব্রাউনলি নামের এক ডাকবুকো সাহেব একদিন তার বাটালি, করাত, ছেনি, হাতুড়ি নিয়ে নেমে পড়লো কাজে। বুদ্ধি খাটিয়ে সেই পালকিতে বসিয়ে দিল দু'পাশে দুটো চাকা, তার সামনে ব্যবস্থা করে জুড়ে দিল একটা টাট্টু ঘোড়া। ব্যাস, আর ঘোড়ার টানে গড়গড়িয়ে চলল সেই পালকি গাড়ি। ক্রমে সেই নতুন যানেই ভরে উঠল কলকাতার পথঘাট। সাধারণ লোকে একে নাম দিল ছাকড়াগাড়ি। অবস্থা বেগতিক দেখে পালকি বেহারার দল, চাকতি হাতে বেঁধেই কাজে ফিরতে চাইল, ততোদিনে ছাকড়াগাড়ি গড়গড়িয়ে এগিয়ে গেছে বহুদূরে!

প্রশ্ন :-

(i) স্কুল পরিদর্শন করতে কে পালকি নিয়ে বের হতেন? নিজস্ব পালকি রাখা সাধারণের পক্ষে কেন কঠিন ছিল? [3]

(ii) ভারতের তথা কলকাতায় প্রথম যানবাহন ধর্মঘট কবে কেন ঘটেছিল? [3]

(iii) কার চেষ্টায়, কেন পালকিকে, কীভাবে ছাকড়াগাড়ির রূপ দেওয়া হয় ? [3]

(iv) কোন শতাব্দীতে কলকাতা ছিল একেবারে গ্রামের মতো ? [1]

- (a) বিংশ শতাব্দীতে
- (b) অষ্টাদশ শতাব্দীতে
- (c) সপ্তদশ শতাব্দীতে
- (d) একবিংশ শতাব্দীতে

(v) পালকি বাহকেরা মূলত কোথাকার লোক ছিল ? [1]

- (a) অঙ্গ দেশের
- (b) বঙ্গ দেশের
- (c) উৎকল দেশের
- (d) কোশল দেশের

(vi) পালকি বেহারারা মুখে কোন রব তুলে পালকি নিয়ে দৌড়াতো ? [1]

- (a) হুম হুম
- (b) হারে রে রে
- (c) হুমনা হুমনা
- (d) শিস্ দিতে দিতে

(vii) 'পরিদর্শন' শব্দটির অর্থ হল : [1]

- (a) পরিচর্চা
- (b) পর্যবেক্ষণ
- (c) পরীক্ষা
- (d) গবেষণা

(viii) তখনকার দিনে পালকির দাম ছিল :

[1]

- (a) এক হাজার টাকা
- (b) তিন হাজার টাকা
- (c) দুই হাজার টাকা
- (d) কয়েক হাজার টাকা

(ix) উদ্ধৃত রচনাংশটির নামকরণ হতে পারে :

[1]

- (a) পালকি পুরাণ
- (b) ভারতের প্রথম যানবাহন ধর্মঘটের ইতিহাস
- (c) ব্রিটিশ বিরোধী প্রতিবাদ
- (d) ব্রাউন্লি সাহেবের গল্প

Question 3

Do as directed.

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :-

(i) রমেশ বিনা বাক্য ব্যয়ে দুই দিনের খাদ্যদ্রব্য বেঁধে একাই সেই গহন বনের উদ্দেশ্যে রওনা হয়ে গেল।

[1]

(যৌগিক বাক্যে পরিণত কর)

(ii) পুলিশ চোর ধরেছে। (কর্মবাচ্যে পরিণত কর)

[1]

(iii) কেউ এসে প্রশ্ন করলে উত্তর দিও না। (জটিল বাক্যে পরিণত কর)

[1]

(iv) সঠিক বানানটি বেছে নাও :

[1]

- (a) বাল্মিকী
- (b) বাল্মীকী
- (c) বাল্মীকি
- (d) বাল্মিকি

(v) শুদ্ধ বাক্যটি বেছে নাও :

[1]

আদালতে দাঁড়িয়ে সে মিথ্যা সাক্ষী দিয়ে গেল।

- (a) আগাগোড়া সে মিথ্যা সাক্ষী দিয়ে গেল আদালতে দাঁড়িয়ে।
- (b) আদালতে দাঁড়িয়ে গোড়া পর্যন্ত সাক্ষ্য দিয়ে গেল।
- (c) মিথ্যা সাক্ষী সে আগাগোড়া আদালতে দাঁড়িয়ে দিয়ে গেল।
- (d) আদালতে দাঁড়িয়ে আগাগোড়া সে মিথ্যা সাক্ষ্য দিয়ে গেল।

(vi) যা ব্যক্ত নয় - এর এককথায় প্রকাশ হবে :

[1]

- (a) অবক্তব্য
- (b) অকথ্য
- (c) অব্যক্ত
- (d) নৈর্ব্যক্তিক

(vii) সে ভদ্রতা তার আচরণে ছিল না। (হ্যাঁ বাচক বাক্যে হবে)

[1]

- (a) ভদ্র আচরণ সে করেনি।
- (b) সে ভদ্রতা তার আচরণে অনুপস্থিত।
- (c) সে অভদ্র।
- (d) তার আচরণ ভদ্র নয়।

(viii) বিষয়টা আমার চোখে পড়েছে। - 'চোখ' শব্দটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে ?

[1]

- (a) ইশারা
- (b) অঙ্গ
- (c) রাগে
- (d) নজরে

(ix) আজকাল সংস্কৃত কম পড়া হয়। বাক্যটি একটি

[1]

- (a) কর্তৃবাচ্যের উদাহরণ
- (b) কর্মবাচ্যের উদাহরণ
- (c) কর্মকর্তৃবাচ্যের উদাহরণ
- (d) ভাববাচ্যের উদাহরণ

(x) মেয়েটা _____ ভিজে বাড়ি ফিরল। উপযুক্ত ধ্বন্যাত্মক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ কর।

[1]

- (a) বিব্রবিরে
- (b) প্যাচপ্যাচে
- (c) চুপচুপে
- (d) খটখটে

SECTION - B

(LITERATURE - 40 MARKS)

Answer *four* questions from this section on *any three* out of the four prescribed textbooks.

নির্ধারিত চারটি পাঠ্যপুস্তকের মধ্যে যে কোনো তিনটি বই থেকে চারটি প্রশ্নের উত্তর দাও।

প্রবন্ধ ও গদ্য সংকলন

(PROBONDHO O GODYA SONKOLON)

Question 4

‘কেন পড়েনি সে কথা তুলসীগাছের জানবার কথা নয়, মানুষেরই জানবার কথা।’

(i) কোন গ্রন্থ থেকে গল্পটি নেওয়া হয়েছে? গল্পটি কত সালে প্রথম প্রকাশিত হয়েছিল?

[1]

(ii) উদ্ধৃত উক্তিটি দিয়ে গল্পটি কেন শেষ হয়েছে বলে মনে হয়?

[2]

- (iii) উক্তিটি প্রথম প্রকাশ কালে এই রকম ছিল - ‘... কেন পড়েনি সেকথা কেবল তুলসীগাছ জানে। [2]
...’ আর পরবর্তী প্রকাশ কালে উদ্ধৃত অংশের সঙ্গে যুক্ত হয়েছে, ‘... সে কথা তুলসীগাছের
জানবার কথা নয়, মানুষেরই জানবার কথা’ - এই পরিবর্তন কেন করা হয়েছে বলে তোমার মনে
হয় ?
- (iv) গল্পটি কোন ঘটনার বলিষ্ঠ দলিল ? তুলসীগাছটি কী শুধুমাত্র একটি গাছ নাকি লেখক অন্য কিছু [5]
বোঝাতে চেয়েছেন ? আলোচনা কর।

Question 5

[10]

‘দেখিনা ভগবানের উপর কলম চালিয়ে।’

বক্তা কে ? কাকে উদ্দেশ্য করে বলেছেন ? বক্তা কোন ঘটনার জন্য ভগবানের উপর কলম
চালিয়েছিলেন ? বক্তার এমন সাহসী পদক্ষেপ তুমি কীভাবে গ্রহণ করবে ?

Question 6

[10]

‘যুদ্ধ চলছে, কেন-না সৈন্যরা তখনো ইংরেজের সঙ্গে লড়াতে লড়াতে মরছে। শহর জ্বলছে - সে এক
সর্বনাশের দিন।’

কার লেখা, কোন মূল গ্রন্থ থেকে গল্পটি নেওয়া হয়েছে ? ‘সে এক সর্বনাশের দিন’ বলতে কী বোঝানো
হয়েছে ? সেই দিন গঙ্গার মানসিক অবস্থা কেমন ছিল ? এরপর সে কী করে ?

কবিতা সংকলন

(KOBITA SONKOLON)

Question 7

- (i) ‘বাবরের প্রার্থনা’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের ও কত সালে প্রকাশিত ? [1]
- (ii) জানু পেতে বসে সন্ধ্যাট বাবর কী করছেন ? তিনি পশ্চিম দিক করে বসেছেনই বা কেন ? [2]
- (iii) পশ্চিম আজ ‘বসন্তের শূন্য হাত’ কেন ? [2]
- (iv) ‘আমার সন্ততি স্বপ্নে থাক’ উদ্ধৃতিটি পড়লে বাবরের পাশাপাশি আর কোন কাব্যের চরিত্রের স্মৃতি [5]
মনে জেগে ওঠে ? সন্ততির স্বপ্নে থাকার কথা উল্লেখ করে কবি কী বোঝাতে চেয়েছেন বলে তুমি
মনে কর ?

Question 8

[10]

‘অলিগলির গোলকধাঁধায়

কোথায় লুকিয়ে তুমি

সালেমনের মা?’

কোন কাব্যগ্রন্থের কবিতা ? এখানে কোন সময়ের শহর কলকাতার কথা বলা হয়েছে ? ‘অলিগলির গোলক ধাঁধা’ বলতে কবি কী বোঝাতে চেয়েছেন ? সেখানে কে, কেন তার মাকে খুঁজেছিল বলে মনে হয় ?

Question 9

[10]

‘স্বাধীনতা তুমি

শহীদ মিনারে অমর একুশে ফেব্রুয়ারির উজ্জ্বল সভা,

স্বাধীনতা তুমি

পতাকা শোভিত স্লোগান মুখর বাঁঝালো মিছিল।

স্বাধীনতা তুমি

ফসলের মাঠে কৃষকের হাসি।’

একুশে ফেব্রুয়ারি কী ? শহীদ মিনারে অমর একুশে ফেব্রুয়ারির উজ্জ্বল সভা বলতে কী বোঝানো হয়েছে ? ফসলের মাঠে কৃষকের হাসিমুখ কেন ?

‘পতাকা শোভিত স্লোগান মুখর বাঁঝালো মিছিল . . .’ - এর মধ্যে দিয়ে কবি কী বোঝাতে চেয়েছেন বলে তুমি মনে কর ?

কোনি
(KONI)

Question 10

‘গণতন্ত্রে এই স্বাধীনতা আছে-লড়াইয়ের স্বাধীনতা।’

(i) কে, কাকে একথা বলেছেন ?

[1]

(ii) কখন বলেছেন ?

[2]

(iii) যাকে উদ্দেশ্য করে কথাটি বলা হয়েছে, বক্তা তাকে কী বুঝিয়েছিলেন ? [2]

(iv) গণতন্ত্র সম্পর্কে বক্তার মন্তব্যের ভিতর দিয়ে তার চরিত্রের কোন দিকটির প্রতি আলোকপাত করা হয়েছে বলে মনে হয় ? [5]

Question 11

[10]

‘... মানুষের ক্ষমতার সীমা নেই রে, ওরা পাগলা বলছে বলুক’

বক্তা কে ? উক্তিটি কতটা যুক্তি যুক্ত বলে তুমি মনে কর ?

Question 12

[10]

‘টাকাটা এনেছি। লীলাবতী তার স্বাভাবিক গান্ধীর্যে বিষ্টু ধরকে বলল।’

লীলাবতীর দোকানের নাম কী ? সে কেন টাকা নিয়ে এসেছিল ? সেখানে কে, কাকে দেখে অবাক হয়েছিল ? পরে সে বিষ্টু ধরকে কী কথা বলে ? বিষ্টু ধর তার উত্তরে কী বলেছিল ?

মুকুট

(MUKUT)

Question 13

‘... তোমার তলোয়ারো যেমন তোমার জিহ্বাও তেমনি, দুইই খরখার’ —

(i) বক্তা কে ? [1]

(ii) কাকে উদ্দেশ্য করে কথাটি বলা হয়েছে ? উত্তরে রাজধর কী বলে ? [2]

(iii) সেনাপতি রাজধরের উদ্দেশ্যে কী বলেন ? ইন্দ্রকুমার এই প্রসঙ্গে কোন কথা উত্থাপন করেন ? [2]

(iv) যুবরাজ ইন্দ্রকুমারের কথা প্রসঙ্গে কী বলেন ? সেই কথার প্রেক্ষিতে রাজধরও বা কী বলেন ? সব শুনে যুবরাজ, ইন্দ্রকুমারের কথার প্রেক্ষিতে যে উক্তি করেন, তার মধ্যে দিয়ে তার কোন মনোভাব প্রকাশ পেয়েছে বলে মনে হয় ? [5]

Question 14**[10]**

‘ঐ ছোট কুমারের কথা উঠলেই তুমি যা যা মুখে তাই বলে ফেল।’

বক্তা কে ? সে কার কথা শুনে কাদের উদ্দেশ্যে কোন কথাটি বলেছে ? উত্তরে সে কী বলে ? কাদের আসতে দেখে তাদের কথোপকথন থেমে যায় ? তাদের আসতে দেখে কে কী মন্তব্য করে ? শনি আর মঙ্গল কী ? কেন তাদের শনি আর মঙ্গল বলা হয়েছে বলে মনে হয় ?

Question 15**[10]**

ত্রিপুরার রাজার তিন রাজপুত্রের মধ্যে ইন্দ্রকুমার ও রাজধরকে যতটা রক্তমাংসের মানুষ বলে মনে হয়, যুবরাজকে তা মনে হয় না — আলোচনা কর।

20339392

20339392